

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ : ০৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৩০৮-আইন/২০১৮/৮১৮-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং-২২৬-আইন/২০১৭/৭৭৬-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর—

(ক) প্রস্তাবনা অংশে উল্লিখিত—

(অ) “৪৪.১৫” সংখ্যাগুলি ও চিহ্নের পরিবর্তে “৪৪.১৪ এবং ৪৪.১৫” সংখ্যাগুলি, শব্দ ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(আ) “এয়ারকন্ডিশনার” শব্দের পরিবর্তে “যথাক্রমে, কম্প্রেসর এবং এয়ারকন্ডিশনার” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) শর্তাবলী এর—

(অ) দফা (খ) এ উল্লিখিত “এয়ারকন্ডিশনার” শব্দের পরিবর্তে “পণ্য” শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৩০৮৫)

মূল্য : টাকা ৪.০০

(আ) দফা (গ) এর পর নিম্নরূপ দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথা:—

(গগ) কম্প্রসর উৎপাদনকারী প্রতিষ্ঠানে Sand Moulding Machine, Induction Melting Furnace, Heat Treatment Furnace, Spectrometer, Upper Cover Press Machine, Lower Cover Press Machine, Crankshaft Grinding Line, Crankcase Machining Line, Stator Line, Lamination Annealing Furnace, Dip Phosphating Line, Rotor Line, Life Testing Machine, Hemi-anechoic Chamber, CNC Coordinate Measuring Machine & Calorimeter থাকিতে হইবে;

(ই) দফা (ঙ) এ উল্লিখিত “এয়ারকন্ডিশনার” শব্দের পরিবর্তে “পণ্য” শব্দ প্রতিস্থাপিত হইবে;

(গ) অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত “৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা পরিবর্তে “৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।